



# মহামারি

ইতিহাস ও উত্তরণ

প্রথম খণ্ড  
সম্পাদনা

ড. অমিত দে • নবীন দাস

MAHAMARI : ITIHAS O UTTARAN (PART - 1)

Editor

Dr. Amit dey & Nabin das

ISBN 978-81-949823-4-0

Publisher

CHAKRABORTY AND SON'S PUBLICATION

Baruipur Puratan Thana

9836032690

subhradeepchakraborty144@gmail.com

প্রথম প্রকাশ

নভেম্বর, ২০২০

প্রকাশক - শীতাংশু চক্রবর্তী ও শুভ্রদীপ চক্রবর্তী

মুদ্রণ - চক্রবর্তী অ্যান্ড সন্স প্রিন্টিং হাউস

বারুইপুর পুরাতন থানা

প্রচ্ছদ - শ্রী প্রকাশ ঘোষ

© বাংলা বিভাগ

কাশীপুর মাইকেল মধুসূদন মহাবিদ্যালয়

পুরুলিয়া

সর্বস্বত্ব সংরক্ষিত

প্রকাশক এবং স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোন অংশেরই কোনওরূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না, কোনও যান্ত্রিক উপায়ের (গ্রাফিক্স, ইলেকট্রনিক বা অন্য কোনও মাধ্যম, যেমন ফটোকপি, টেপ বা পুনরুদ্ধারের কোনও পদ্ধতি) মাধ্যমে প্রতিলিপি করা যাবে না বা পেনড্রাইভ, ডিস্ক, কম্পিউটারের কোনো ডিভাইসে কপি করা বা সংরক্ষণ বা পুনরুৎপাদন করা যাবে না বা হার্ড কপি বা বই বা কাব্যগ্রন্থ হিসেবে প্রকাশ করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৩৫০.০০

মহামারি : সংকটে উত্তরণে রবীন্দ্রনাথ	: মণিরুল ইসলাম	১৪১
দিনেশ দাস: ভূখ মিছিল: মন্বন্তর	: ড. আশুতোষ বিশ্বাস	১৪৫
রাঢ়ের লৌকিক দেবী ও মহামারি	: ড. সুমন্ত মণ্ডল	১৫২
করোনা মহামারির করাল গ্রাসে বাংলার	: কাজী নুরুল হামিম	১৫৯
গ্রামীণ জীবন		
বিজন ভট্টাচার্যের নাটকের প্রেক্ষিতে	: দেবশ্রী সাহা	১৬৫
মহামারির ইতিহাস ও উত্তরণ		
তুলসী লাহিড়ীর 'ছেঁড়া তার' : পঞ্চাশের	: রোকেয়া পারভিন	১৭১
মন্বন্তর ও মহামারির প্রতিচ্ছবি		
বঙ্কিমচন্দ্রের 'আনন্দমঠ' উপন্যাসে	: আকবর হোসেন	১৭৯
মহামারি প্রসঙ্গ		
অস্তিত্বের সংকট ও সামাজিক মডেল :	: রিয়া মণ্ডল	১৮৫
মহামারির বিবর্তনের পথ ধরে		
বাঙালি জীবনে মহামারি : সেকাল ও	: পবিত্র বিশ্বাস	১৯১
একালের প্রেক্ষিতে		
করোনা মহামারির পার্শ্বপ্রতিক্রিয়া ও	: ড. শাখী ঘোষ	১৯৭
'পঙ্গপাল'		
একুশ শতকে মারি : ব্যবহারিক	: মৌ চক্রবর্তী	২০৩
নাট্যশিল্পে তার প্রভাব এবং সমাজ		
বীক্ষণ		
মহামারির চিত্রঃ ছোটগল্পের দর্পণে	: মোপাসা দাস	২১০
পুতুল নাচের ইতিকথা ও 'ধাত্রীদেবতা' :	: ড. বরুণ মণ্ডল	২১৭
মহামারির নবদিগন্ত নবচেতনা		
মহামারির প্রেক্ষাপটে মধ্যবিত্ত মন ও	: প্রহ্লাদ রায়	২২৫
মানসিকতা : দিব্যেন্দু পালিতের		
'ভাইরাস'		
লেখক পরিচিতি	:	২৩২
পরিশিষ্ট - ১		

## তুলসী লাহিড়ীর 'ছেঁড়াতার' : পঞ্চাশের মন্বন্তর ও মহামারির প্রতিচ্ছবি

রোকেয়া পারভীন

'মন্বন্তর' বলতে আমরা সাধারণত 'দুর্ভিক্ষ'-কেই বুঝে থাকি। 'ভারতকোষ' (১৯৭০)-এ দুর্ভিক্ষের সম্পর্কে বলা আছে -

“প্রাকৃতিক অথবা মানবিক কারণে সংগঠিত খাদ্যশস্যের অত্যন্ত অভাবের ফলে ব্যাপক অন্নকষ্ট সৃষ্টি হয়। সাধারণত বহুস্থলে খাদ্যাভাবে মৃত্যু ঘটলে তবেই অবস্থাটিকে দুর্ভিক্ষ বলা হয়।”

মন্বন্তরের প্রধান দুটি কারণ -

ক. প্রকৃতিসৃষ্ট কারণ :

অতিবৃষ্টি, ক্ষরা, বন্যা, অসময়ের শৈত্যপ্রবাহ বা তুমুল ঝড়, পঙ্গপাল- হাঁদুর বা কীটের উপদ্রব।

খ. মনুষ্যসৃষ্ট কারণ :

প্রথমত, যুদ্ধ বা যুদ্ধের ভয়ে শস্য উৎপাদন বন্ধ বা শস্য নষ্ট হওয়া। দ্বিতীয়ত, মুনাফালোভী স্বার্থান্বেষী কালোবাজারি মজুতদার ও ব্যবসায়ীদের কূটকৌশলে অনেক সময় খাদ্যাভাবজনিত কারণে মহামারি দেখা দিতে পারে। ১৯৪৩ সালের বাংলায় দুর্ভিক্ষ যেটা 'পঞ্চাশের মন্বন্তর' নামে পরিচিত, তার কারণ উপরোক্ত দুটি কারণের ফলেই হয়েছিল। সরকারি হিসাবে প্রায় ৩৫ থেকে ৪০ লক্ষ মানুষ মারা যায়।

পঞ্চাশের মন্বন্তর সমকালীন সাহিত্যিকদের মনকে ভীষণভাবে আলোড়িত করেছিল। ফলে তাঁদের সৃষ্ট সাহিত্যেও মন্বন্তরের নানা রূপ প্রতিফলিত হয়েছে - কখনো মন্বন্তরের কারণ, কখনো তার চিত্র, কখনো তার ফলাফল কী হয়েছিল, আবার কখনো কখনো প্রতিরোধের নানা ছবি ফুটে উঠেছে। সাহিত্যের বিভিন্ন শাখার মত বাংলা নাট্যসাহিত্যেও দুর্ভিক্ষের ছবি নাটককাররা তুলে ধরেছেন। মন্বন্তরকে কেন্দ্র করে বাংলা নাট্যসাহিত্যে সবচেয়ে চর্চিত যে নাটকটি পাই সেটি হল বিজন ভট্টাচার্যের 'নবান্ন' নাটক। দুর্ভিক্ষ পরিস্থিতিতে গোটা দেশের বিপর্যয়ের ছবি নাটকে ফুটে উঠেছে। মন্বন্তর পরিস্থিতিতে মজুতদারি, কালোবাজারি, শোষণ,